

ভর্তি কোটা দাবি
লক্ষ্মীপুরের কফিল উদ্দিন
ডিগ্রি কলেজে ব্যাপক
ভাঙচুর করেছে ছাত্রলীগ

জেলা বার্তা পরিবেশক, লক্ষ্মীপুর

লক্ষ্মীপুর সদরের চন্দ্রনাথের কফিল উদ্দিন ডিগ্রি কলেজে ১ম বর্ষে ছাত্রলীগ কর্মীদের ভর্তি কোটা দাবিতে কলেজ ক্যাম্পাসে হামলা চালায় ব্যাপক ভাঙচুর করেছে ছাত্রলীগ কর্মীরা। গতকাল দুপুরে তারা এ হামলা চালায়। এ সময় অর্ধশত ও উপাধ্যক্ষের অফিস কক্ষসহ কলেজটি প্রায়শঃকালের পরেই জালাসা ভাঙচুর করা হয়।

ভাঙচুরের একপর্যায়ে ছাত্রলীগ কর্মীরা কলেজ ক্যাম্পাসে বিস্তৃত মিছিল

করে। এ সময় পুলিশ এসে পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনে। ছাত্রলীগ কলেজ পাখার নেতারা ভর্তি কোটা দাবি অস্বীকার করে বলেন, ভাঙচুরের অন্য কারণে ভর্তি ফি আরও কম নেয়া হলেও আমাদের কলেজে অতিরিক্ত ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে।

কলেজের উপাধ্যক্ষ সরকার গোবায়ের আলী হামলা ও ভাঙচুরের পরেই খীতার করে জানান, ভর্তি ফি কমায়ের জন্য নয়, তারা ভর্তি কোটা দাবি করেছিল। কর্তৃপক্ষ তা না মানার কারণে এ হামলা চালানো হয়েছে।